



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৮.১০.১৩৩

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯

০৭ সেপ্টেম্বর ২০২২

বিষয়: কৃষি বিপণন অধিদপ্তরের স্টাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের নিয়োগযোগ্যতা স্পষ্টীকরণের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের ১২/০৮/১২ তারিখের স্মারক নং-১২.০০.০০০০.০৫৩.১২.০০৬.১২.৩৫০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে মতামত দেয়া যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'The Typist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978', 'The stenographers and Steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978' এবং 'নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, গ্রেইন পেপার কপিয়ার, ডুব্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩' রহিতপূর্বক 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' জারি করা হয়েছে। ফলে কোনো নিয়োগ বিধিমালার যোগ্যতা অংশে উক্ত রহিতকৃত ৩টি বিধিমালার যে কোনো একটি উল্লেখ থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' দ্বারা প্রতিস্থাপিত হবে। যে সকল নিয়োগ বিধিমালায় উক্ত বিধিমালার উল্লেখ না করে নিয়োগ পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতা উল্লেখ রয়েছে, মন্ত্রণালয়/বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর ও দপ্তরকে উক্ত যোগ্যতা অনুযায়ী নিয়োগ/পদোন্নতি প্রদান করতে হবে। যেহেতু "কৃষি বিপণন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮" -তে উক্ত ০২ (দুই) ক্যাটাগরি পদের নিয়োগ যোগ্যতা উল্লেখ রয়েছে সেহেতু "কৃষি বিপণন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮" -অনুসরণ করে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭-৯-২০২২

মো: ফরিদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৫৫৫২

ইমেইল: reg1@mopa.gov.bd

সচিব

সচিবের দপ্তর

কৃষি মন্ত্রণালয়